

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৩.১৬/

তারিখঃ/০২/২০১৭ইং।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিষয় : অবসরভাতা সম্পূর্ণ অংশের বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

নির্দেশিত হয়ে উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা-১২০৮ এর অবসরপ্রাপ্ত স্কীল্ডম্যান জনাব কিরণ মজুমদার এর অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অম/অবি/বিধি-১/৩পি-২৬/৮৬ (অংশ-২)/১৩৫ তারিখ ০৮/১০/২০০১খ্রিঃ এর ২.১৩ মোতাবেক অবসরভাতা সম্পূর্ণ অংশের বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরী প্রদানের জন্য প্রেরিত কাগজপত্রাদি অনুযায়ী তথ্যাদি নিম্নরূপ :

২। উক্ত কর্মচারীর অবসরের তারিখে শেষ মাসিক গৃহীতব্য বেতন ১৫,৯৬০/- টাকা। তাঁর চাকুরীকাল ২৫ বছরের উর্দে হওয়ায় পেনশনের হার ৯০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১৪,৩৬৪/- টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (১৪,৩৬৪/-÷২)=৭,১৮২/- টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময়ে প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থোক প্রাপ্য আনুতোষিক (৭,১৮২/-×২৩০/-)=১৬,৫১,৮৬০/- (ষোল লক্ষ একান্ন হাজার আটশত ষাট) টাকা এবং নীট মাসিক অবসরভাতার পরিবর্তে আনুতোষিকের জন্য ২য় অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ১১৫/- টাকা হারে থোক প্রাপ্য আনুতোষিক (৭,১৮২/-×১১৫/-)=৮,২৫,৯৩০/- (আট লক্ষ পঁচিশ হাজার নয়শত ত্রিশ) সহ সর্বমোট থোক প্রাপ্য (১৬,৫১,৮৬০/-+৮,২৫,৯৩০/-)=২৪,৭৭,৭৯০/- (চব্বিশ লক্ষ সাতাত্তর হাজার সাতশত নব্বই) মাত্র এককালীন আনুতোষিক মঞ্জুরী প্রদান করা হলো।

৩। তিনি কোন মাসিক অবসরভাতা পাবেন না।

৪। এতদসঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য সুপারিশসহ প্রেরণ করা হলো।


ক)	পেনশন ফরম ২.১	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৩ কপি
গ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঘ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	৩ কপি
ঙ)	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	৩ কপি
চ)	না-দাবী সনদপত্র	১ কপি
ছ)	অবসর এর আদেশ	১ কপি
জ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঝ)	চাকুরী বহি	এক সেট।
৫।	এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।	

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৩.১৬/ ১০৯ (৪)

তারিখঃ ০২/০২/২০১৭ইং।

- অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-
- ১। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা-১২০৮। এ তার ৩১/১২/২০১৬ইং তারিখের ৫৭২ নং স্মারকের বরাতে করা হল।
 - ২। আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
 - ৩। জনাব কিরণ মজুমদার, প্রাক্তন স্কীল্ডম্যান, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা-১২০৮। স্থায়ী ঠিকানা- গ্রাম-মধ্য পারুয়া, পোঃ- হাজারীহাট, উপজেলাঃ রাঙ্গুনিয়া, জেলাঃ চট্টগ্রাম।
 - ৪। সংশ্লিষ্ট নথি।


(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫